



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

(রেমিট্যান্স পলিসি সেকশন)

তারিখ : ১১-০৩-১৪১৯ বাঃ
২৫-০৬-২০১২ খ্রিঃ

সূত্র : সার্কুলার পত্র নং- এফইপিডি(রেমিট্যান্স)৪৪/২০১২-১১

ব্যবস্থাপনা পরিচালক/এক্সিকিউটিভ প্রেসিডেন্ট

সোনালী ব্যাংক লিঃ/অগ্রণী ব্যাংক লিঃ/জনতা ব্যাংক লিঃ/রূপালী ব্যাংক লিঃ/

পূবালী ব্যাংক লিঃ/ বাংলাদেশ কৃষি ব্যাংক/ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ/আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ/দি সিটি ব্যাংক লিঃ/

প্রাইম ব্যাংক লিঃ/প্রিমিয়ার ব্যাংক লিঃ/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।

প্রিয় মহোদয়,

সরকারী ব্যবস্থাপনায় হজ্জরত পালন- ১৪৩৩ হিজরী সন

সরকারী ব্যবস্থাপনায় ১৪৩৩ হিজরী সনের হজ্জরত পালনের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত হজ্জ নীতিমালা সম্পর্কিত বিজ্ঞপ্তি'র প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত হজ্জ নীতিমালার আলোকে সরকারী ব্যবস্থাপনায় হজ্জরত পালনে গমনোচ্চকগণ হতে স্থানীয় মুদ্রায় অর্থ জমা গ্রহণের বিপরীতে বৈদেশিক মুদ্রা ইস্যুরণ ও প্রাসংগিক কার্যক্রম পরিচালনায় অনুমোদিত ডিলারগণের অনুসরণীয় নির্দেশনাবলী নিম্নে প্রদত্ত হলো।

(ক) সরকারী ব্যবস্থাপনায় গমনোচ্ছু হজ্জযাত্রীগণের জন্য কোরবানী বাদে জনপ্রতি মোট খরচ টাকা ৩,০৩,৪৪০.০০ (তিন লক্ষ তিন হাজার চারশত চল্লিশ) মাত্র নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে :

হজ্জ গমনের জনপ্রতি সার্বিক খরচ

ক্রমিক নং	ব্যয়ের খাতসমূহ	পরিমাণ (টাকা)
১.	বিমান ভাড়া :	
(ক)	বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৪৭৫ (১৪৭৫×৮২.০০)	১,২০,৯৫০/-
(খ)	ইপিওরেন্স সারচার্জ মার্কিন ডলার ১০ (১০×৮২.০০)	৮২০/-
(গ)	জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০×২১.০০)	১,০৫০/-
(ঘ)	এয়ারকেশন ফি	৩০০/-
(ঙ)	এক্সাইজ ডিউটি	৫০০/-
	মোট :	১,২৩,৬২০/-
২.	স্থানীয় সার্ভিস চার্জঃ আইডি কার্ড, কন্জিবেন্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জ যাত্রীদের সেবা	৫০০/-
৩.	আপৎকালীন ফান্ড	১০০/-
৪.	মোয়াল্লেম ফিঃ মীনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও মীনা-আরাফা পরিবহণ ফি ও সার্ভিস চার্জ,জেদ্দাস্থ ইউনাইটেড এজেন্সীর অতিরিক্ত ফি, মোয়াচ্ছাসার জম জমের পানি ইত্যাদি সৌদি রিয়াল ১,০৮৯+৫০+২০= (১,১৫৯×২১.০০)	২৪,৩৩৯/-
৫.	অতিরিক্ত সার্ভিস চার্জঃ মোয়াল্লেম এবং মোয়াচ্ছাহাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৬০০(৬০০×২১.০০)	১২,৬০০/-

চলমান পাতা/০২

৬.	মক্কা ও মদিনায় বাড়ী ভাড়াঃ মক্কা ও মদিনায় কমন স্পেসসহ হজ্জযাত্রী প্রতি ৪.০০ বর্গমিটার বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌদি রিয়াল (৫১০০+৪৩০+৫৬)= ৫৫৮৬×২১.০০ বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ ২০১০ ও ২০১১ সালের ন্যায় বাড়ী ভেদে সৌদি আরবে হজ্জযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।	১,১৭,৩০৬/-
৭.	খাওয়া খরচঃ দৈনিক ২৫ (পঁচিশ) সৌররিঃ হারে ৩৫ দিনের খাওয়া খরচ বাবদ ২৫×৩৫×২১ (টাকা জমাদানকারী ব্যাংকের মাধ্যমে প্রত্যেক হজ্জযাত্রীকে ঢাকাস্থ হজ্জক্যাম্পে ফেরত প্রদান করা হবে)	১৮,৩৭৫/-
৮.	হজ্জ গাইড ও প্রশিক্ষণ চার্জ	৬,৬০০/-
	সর্বমোট(১+২+৩+৪+৫+৬+৭+৮) =	৩,০৩,৪৪০/- (তিন লক্ষ তিন হাজার চারশত চল্লিশ)

(নোটঃ প্রতি মাঃডঃ ৮২.০০ (বিশি) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একশ)টাকা হারে ধরা হয়েছে)

(খ) খাওয়া ও কুরবানী খরচ/দম বাবদ প্রত্যেক হজ্জযাত্রীকে আনুমানিক ৯,৪৫০.০০ (নয় হাজার চারশত পঞ্চাশ) টাকার সমপরিমান
সৌদি রিয়াল ৪৫০.০০ (চারশত পঞ্চাশ)(কম/বেশি) পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিয়ে যেতে হবে।

(গ) হজ্জের সার্বিক খরচ ব্যতীত হজ্জযাত্রীগণ অনুমোদিত ব্যাংকে নগদ টাকা জমা দিয়ে সর্বোচ্চ জনপ্রতি মাঃডঃ ৫০০.০০(পাঁচ শত মাত্র)
এর সমমূল্যের বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন।

(ঘ) ১৪৩৩ হিজরী সনের হজ্জের টাকা (মোয়াল্লেম ফি, বিমান ভাড়া ও অন্যান্য হজ্জ সংক্রান্ত সমুদয় অর্থ) জমাদানের সর্বশেষ সময়সীমা
১ জুলাই, ২০১২।

০৩। প্রচলিত ব্যবস্থায় টিএম ফরমে আবেদনের ভিত্তিতে কনফার্মড রিটার্ন এয়ার টিকেট ও আন্তর্জাতিক পাসপোর্টে এনডোর্সমেন্টপূর্বক
বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে। বিমান টিকেটে উল্লিখিত যাত্রার তারিখের ২(দুই) সপ্তাহের পূর্বে কোন বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে না।

০৪। হজ্জ যাত্রীর আন্তর্জাতিক পাসপোর্টে অনুরূপ স্বাক্ষর/টিপসহি টিএম ফরমে গ্রহণ করে নির্ধারিত পরিমাণ বৈদেশিক মুদ্রা কেবলমাত্র
সংশ্লিষ্ট হজ্জ যাত্রীর নিকট হস্তান্তরের বিষয়টি অনুমোদিত ডিলারগণকে নিশ্চিত করতে হবে।

এ সার্কুলার পত্রের নির্দেশনা সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ গোলাম হায়দার)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১২০৩৭৫।

সংযোজনীঃ

১. “হজ্জ প্যাকেজ-২০১২ খ্রিঃ (১৪৩৩ হিজরী)“।

২. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ্জ শাখার ২০.০৬.২০১২ তারিখের ধবিষ/হঃশঃ/১-১৬/২০১১/৪৪৯ নং প্রেস বিজ্ঞপ্তি।